# বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০, ফোনঃ ০২-২২৩৩৮৪১৫৯
ই-মেইলঃ info@bnmc.gov.bd ওয়েবসাইটঃ www.bnmc.gov.bd


স্মারক নং-বিএনএমসি/প্রশা-৩৪(অংশ-৩)/২০২৩-**৬৫৩** তারিখঃ ০৭ জুন ২০২৩ খ্রিঃ

## নার্সিং ও মিডওয়াইফারি কোর্সে ২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তির নির্দেশনা

নার্সিং ও মিডওয়াইফারি কোর্সে ২০২২-২৩ শিক্ষাবর্ষে সরকারি-বেসরকারি নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানের নিম্নোক্ত শর্তাবলি/নিয়মাবলি অনুসরণপূর্বক ভর্তির জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

ভর্তির নিয়মাবলি/শর্তাবলি:

১. ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবেঃ

(ক) শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি;

(খ) শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/গ্রেডশিট/মার্কশিট এর মূলকপি;

(গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত (প্রথম শ্রেণির কর্মকর্তার নামসহ সীলমোহর) রঙ্গিন ছবি।

(ঘ) মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত আসনে সুযোগপ্রাপ্তদের প্রদত্ত সনদ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) এর বীর মুক্তিযোদ্ধা তথ্য ব্যবস্থাপনা সিস্টেমে উল্লিখিত (mis.molwa.gov.bd) মুক্তিযোদ্ধা তালিকা সমূহের যেকোনো একটির সাথে প্রদত্ত তথ্যের মিল থাকতে হবে। মুক্তিযোদ্ধার ছেলে/মেয়ে/নাতি/নাতনি হিসেবে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রত্যয়ন পত্র (সম্পর্কের সনদ) জমা দিতে হবে।

(ঙ) বর্ণিত কোর্সে আবেদনের ডাউনলোডকৃত রঙ্গিন ছবি সম্বলিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং ফলাফলের কপি;

(চ) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তিকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় থেকে সঠিকতা যাচাই (ভেরিফিকেশন) করা হবে। যাচাইয়ে সঠিক পাওয়া না গেলে ভর্তি বাতিল করা হবে;

(ছ) সরকারি প্রতিষ্ঠানে জেলা কোটায় ভর্তির জন্য সুযোগপ্রাপ্তদের অনলাইন প্রকাশিত ফলাফলে **"Selected: Dist (সুযোগপ্রাপ্ত জেলার নাম)"** উল্লেখ থাকবে। জেলা কোটায় সুযোগপ্রাপ্তদের ফলাফলে উল্লিখিত জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে নিজ জেলার স্থায়ী ঠিকানাসহ জন্মনিবন্ধন পত্র অনলাইন কপি প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তার মাধ্যমে সত্যায়িত করে জমা দিতে হবে এবং নিজ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর এর নিকট হতে গৃহীত নাগরিকত্ব সনদের মূলকপি দাখিল করতে হবে।

(জ) প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের প্রতিষ্ঠান কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হলে ভর্তি হতে পারবেন।

(ঝ) ভর্তি পরীক্ষার আবেদনের সময় প্রদত্ত তথ্যের সাথে ভর্তির সময় প্রদত্ত তথ্যের গড়মিল অথবা ভুল/অসত্য তথ্য প্রদান করে ভর্তি হলে যে কোন সময় ভর্তি বাতিল করা হবে।

### ভর্তি ও ক্লাস শুরুর নির্ধারিত সময়সূচীঃ

| বিষয় | তারিখ |
|---|---|
| সরকারি নার্সিং কলেজ/ইন্সটিটিউট শিক্ষার্থী ভর্তি শুরু | ০৮ জুন ২০২৩ খ্রি. বৃহস্পতিবার |
| সরকারি নার্সিং কলেজ/ইন্সটিটিউট শিক্ষার্থী ভর্তি শেষ | ১৮ জুন ২০২৩ খ্রি. রবিবার |
| সরকারি প্রতিষ্ঠানে ১ম মাইগ্রেশনের আবেদন শুরু | ১৯ জুন ২০২৩ খ্রি. সোমবার |
| সরকারি প্রতিষ্ঠানে ১ম মাইগ্রেশনের আবেদন শেষ | ২৪ জুন ২০২৩ খ্রি. শনিবার |
| স্ব স্ব নার্সিং বেসরকারি কলেজ/ইন্সটিটিউট কর্তৃক ভর্তির দরখাস্ত আহবান | ০৮ জুন ২০২৩ খ্রি. বৃহস্পতিবার |
| বেসরকারি কলেজ/ইন্সটিটিউট ভর্তি কার্যক্রম শুরু | ১৮ জুন ২০২৩ খ্রি. রবিবার |
| সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে একযোগে ক্লাশ শুরু | ০৯ জুলাই ২০২৩ খ্রি. রবিবার |

২. সরকারি প্রতিষ্ঠানে ভর্তি প্রক্রিয়াঃ

(ক) উপরোক্ত কাগজপত্র পরিস্কারভাবে স্ক্যান করে jpg অথবা .pdf ফরমেটে কম্পিউটারে সংরক্ষণ করে নিতে হবে, প্রতিটি ফাইলের সাইজ ১ মেগাবাইট (1MB) এর কম হতে হবে।

(খ) www.bnmc.gov.bd ওয়েবসাইট হতে ভর্তি পরীক্ষার ফলাফল অপশনে প্রবেশ করে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র উল্লিখিত রোল এবং সিরিয়াল নম্বর দিয়ে view result বাটনে ক্লিক করলে ফলাফল দেখা যাবে।

(গ) সরকারি প্রতিষ্ঠানে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ক্ষেত্রে ফলাফলের নিচে Admission বাটন দেখাবে, সেখানে ক্লিক করলে ভর্তি পরীক্ষার ইউজার ও পাসওয়ার্ড ব্যবহার করে ভর্তির ফরমে প্রবেশ করতে হবে।

(ঘ) ভর্তির ফরমে আবেদনের সময় প্রদত্ত তথ্য এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর দেখাবে । সেখানে কিছু সংখ্যক ঘর ব্লক থাকবে, যেমনঃ প্রবেশপত্রে ব্যবহৃত ছবি, ভর্তি পরীক্ষার রোল, প্রাপ্ত নম্বর, মেধাক্রম (মেরিট পজিশন), ইংরেজি নাম, পিতার নাম, মাতার নাম, প্রতিষ্ঠানের নাম, কোর্স, নিজ জেলা ইত্যাদি (তথ্য পরিবর্তন করার সুযোগ থাকবে না)।

(ঙ) ফরমে নতুন করে কিছু তথ্য হালানাগাদ করার প্রয়োজন হবে, যেমনঃ জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্ম নিবন্ধন নম্বর বা জন্মসনদ, মোবাইল নম্বর, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানার কিছু অংশ ইত্যাদি।

(চ) ফরমের নিচের অংশে প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করার ঘর থাকবে। পূর্ব স্ক্যানকৃত ফাইলসমূহ আপলোড করা শেষ হলে Submit বাঁটনে ক্লিক করে আবেদনের কপি প্রিন্ট নিতে হবে। প্রিন্ট করতে ব্যর্থ হলে একই প্রক্রিয়ায় আবার ফরমে প্রবেশ করে প্রিন্ট ফরম বাঁটনে ক্লিক করে পূনরায় আবেদন ফরম প্রিন্ট করা যাবে।

(ছ) প্রিন্টকৃত আবেদন ফরমের দ্বিতীয় পৃষ্ঠার নিচে Applicant Signature অংশে শিক্ষার্থী স্বাক্ষর করে ভর্তির জন্য নির্ধারিত প্রতিষ্ঠানে জমা দিতে হবে।

(জ) ভর্তি ফরম পূরণকালে কাউন্সিলের কম্পিউটার অপারেটর জনাব আব্দুর রহিম মিয়া ০১৫৫০৬৯৯৩০০ নম্বরে আইটি সহায়তা পাওয়া যবে।

৩. নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক নির্ধারিত নিয়মে ফি প্রদান করে ভর্তি সম্পন্ন করতে হবে।

৪. **সরকারি নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য নির্দেশনাঃ**

(ক) শিক্ষার্থী কর্তৃক জমাকৃত ফরম কাউন্সিলের ডাটাবেস সফটওয়্যারে গোপনীয় ইউজার আইডি ও পাসওয়ার্ডের মাধ্যমে ড্রাফট অবস্থায় দেখা যাবে। ফরমে প্রবেশ করে ভালোভাবে ছবি প্রবেশপত্রের ছবির সাথে মিলিয়ে দেখতে হবে ও অন্যান্য তথ্য সঠিকভাবে যাচাই করে ফরমের এক কপি বর্ণিত কাগজপত্র ও এক কপি ছবি স্ট্যাপলারের মাধ্যমে ফরমে সংযুক্ত করে কাউন্সিলের নিবন্ধনের জন্য সংরক্ষণ করতে হবে।

(খ) শিক্ষার্থী নিবন্ধন (স্টুডেন্ট রেজিস্ট্রেশন) ফি প্রেরণ সংক্রান্ত নির্দেশনা পরবর্তীতে প্রকাশ করা হবে।

(গ) **সরকারি প্রতিষ্ঠানে জেলা কোটায় সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীদের ফলাফলে উল্লিখিত জেলার প্রমাণক হিসেবে জন্ম নিবন্ধন এবং ইউনিয়ন/পৌরসভা/সিটি করপোরেশনের নাগরিকত্ব সনদে স্থায়ী বাসিন্দা হিসেবে ঠিকানা স্থানীয় ভর্তি কমিটি ও একাডেমিক কমিটি যাচাই-বাছাইপূর্বক গৃহীত সিদ্ধান্তের কপি রেজিস্ট্রার, বিএনএমসি ও সদস্য সচিব, কেন্দ্রীয় ভর্তি কমিটিকে বরাবর অবশ্যই প্রেরণ করতে হবে ।**

(ঘ) ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা নিম্নোক্ত ছকে, যদি আসন খালি থাকে সে তথ্য উল্ল্যেখপূর্বক পত্র স্ক্যান করে করে অবশ্যই জরুরি ভিত্তিতে bnmc.admission@gmail.com ইমেইলে ২০/০৬/২০২৩ খ্রিঃ মঙ্গালবার দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে প্রেরণ করতে হবে

**তথ্য প্রেরণের ছক**

কলেজের নামঃ

কোর্সের নামঃ

ভর্তিরকৃত শিক্ষার্থীর সংখ্যাঃ ভর্তিকৃত মেয়ের সংখ্যাঃ ভর্তিকৃত ছেলে সংখ্যাঃ

মোট খালি আসনঃ মেয়ে আসন খালি সংখ্যাঃ ছেলে আসন খালি সংখ্যাঃ

| ক্রম | ভর্তি পরীক্ষার রোল | নাম | পিতার নাম | মাতার নাম | কোটা (জেলা/ মুক্তিযোদ্ধা) |
|---|---|---|---|---|---|
| | | | | | |

৫. ভর্তিকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশনের জন্য (প্রতিষ্ঠান পরিবর্তন) বর্তমান প্রতিষ্ঠানের মাধ্যমে নির্দেশনা পরবর্তীতে প্রকাশ করা হবে।

**৬. বেসরকারি প্রতিষ্ঠানের জন্য উত্তীর্ণ (Eligible) প্রার্থীর ভর্তি নির্দেশনাঃ**

ফলাফলের ভিত্তিতে উত্তীর্ণ (Eligible) প্রার্থীরা পছন্দমত বেসরকারি প্রতিষ্ঠানে আসন শূন্য থাকা সাপেক্ষে ভর্তির সুযোগ পাবে। নীতিমালা অনুসারে ৫% আসনে অসচ্ছল ও মেধাবী কোটায় ভর্তি অবশ্যই নিশ্চিত করতে হবে। বেসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের স্টুডেন্ট রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি পরবর্তীতে কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

07.06.2023

রাশিদা আক্তার
সদস্য সচিব, কেন্দ্রীয় ভর্তি কমিটি ও
রেজিস্ট্রার (অঃ দাঃ)
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

সদয় অবগতি ও কার্যার্থেঃ

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (দৃঃ আঃ উপসচিব, নার্সিং শিক্ষা)।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (মহোদয়কে সরকারি প্রতিষ্ঠানে ভর্তি কার্যসম্পাদনের পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে)
৩. অধ্যক্ষ/নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং কলেজ/ইনস্টিটিউট (সকল) . . . . . . . . . . . . . . . . . . . .
৪. সহকারী প্রোগ্রামার, বিএনএমসি (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের নির্দেশসহ)।
৫. হিসাব শাখা, বিএনএমসি।
৬. ভর্তি ফরমপূরণে ফোনে সহায়তার নির্দেশসহ কম্পিউটার অপারেটর জনাব শায়লা সমাপ্তি কিরণ ও জনাব আব্দুর রহিম মিয়া।
৭. জনাব/ বেগম . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .